

সাব্রুম ও বিলোনীয়া মহকুমায় সুরক্ষা সচেতনতা শিবির

আগরতলা, ৩০শে অক্টোবর, ২০০৯ - ফ্যাক্টরীজ এন্ড বয়লার্স অর্গানাইজেশন্ এর উদ্যোগে ২৯শে অক্টোবর সাব্রুম মহকুমার লীলাগড় চা বাগানে ও ৩০শে অক্টোবর বিলোনীয়া মহকুমার সাঁড়াসীমা-য় কারখানা শ্রমিকদের নিয়ে দুটি পৃথক সুরক্ষা সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠান দুটিতে প্রায় দুইশতাধিক শ্রমিক উপস্থিত থেকে কারখানায় কাজ করার ক্ষেত্রে বিভিন্ন ধরনের দুর্ঘটনা ও সুরক্ষা সম্বন্ধীয় বিষয়ে বিশেষ ভাবে জানার সুযোগ পান।

সাব্রুম মহকুমার লীলাগড় চা বাগানে অনুষ্ঠিত সুরক্ষা সচেতনতা শিবির-এ লীলাগড় চা বাগান শ্রমিক সমবায় সমিতি-র সেক্রেটারী শ্রী নন্দলাল বসাক সভাপতি এবং সাব্রুম নগর পঞ্চায়েতের চেয়ারম্যান শ্রী বিপ্লব স্যানাল মহাশয় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

বিলোনীয়ার সাঁড়াসীমা-য় অনুষ্ঠিত শিবির-এ সিটুর সেক্রেটারী মেম্বার শ্রী সাধন মিত্র ও শ্রী বিজয় তিলক যথাক্রমে সভাপতি ও প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে সম্মানীয় অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শ্রী স্বপন দে, দীনমজুর ইউনিয়ন-এর সেক্রেটারী।

অনুষ্ঠান দুটিতে সভাপতি ও প্রধান অতিথিগণ শ্রমিক কল্যাণে এই ধরনের সচেতনতা শিবির সংগঠিত করার জন্য কারখানা কর্তৃপক্ষ ও ফ্যাক্টরীজ এন্ড বয়লার্স অর্গানাইজেশন্-এর উদ্যোগের প্রশংসা করেন এবং এই ধরনের অনুষ্ঠানের ধারাবাহিকতা বজায় রাখার ওপর গুরুত্ব আরোপ করেন।

উক্ত সুরক্ষা সচেতনতা শিবিরগুলিতে ফ্যাক্টরীজ এন্ড বয়লার্স অর্গানাইজেশন্ এর চীফ ইন্সপেক্টর ইঞ্জিঃ শ্রীপরমানন্দ সরকার ব্যানাজী কর্মরত অবস্থায় কারখানা শ্রমিকদের বিভিন্ন ধরনের সুরক্ষা ও সাবধানতা-র গুরুত্ব বিশ্লেষণ করে বক্তব্য রাখেন। কারখানায় সুরক্ষা সচেতনার ওপর দপ্তরের পক্ষ থেকে তথ্যচিত্র প্রদর্শন করা হয়। উক্ত অনুষ্ঠান দুটিতে দক্ষিণ জেলার কারখানা পরিদর্শক ইঞ্জিঃ এনডু কলই স্বাগত ভাষণ দেন। অন্যান্যদের মধ্যে দপ্তরের পক্ষ থেকে বক্তব্য রাখেন শ্রীতপন কুমার দেব, এ.আই.ও. এবং শ্রী দিলীপ কুমার ভৌমিক, ইনভেস্টিগেটর।